| EFD তে VAT দিন লটারীর কুপন বুঝে নিন |
|---|
| প্রতিমাসে রয়েছে ১ [এক] লক্ষ থেকে ১০ [দশ] হাজার টাকার ১০১টি পুরস্কার |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,
কাকরাইল, ঢাকা- ১০০০।
[Web:www.cevdsc.gov.bd]
[E-mail:cevdhksouth@yahoo.com]

"উন্নয়নের ভ্যাট নীতি
ভ্যাট দিয়ে গড়ব জাতি"

রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

নথি নং- ৪(০৬)০৮-মূ:নী:/ রিভার সাইড সোয়েটার্স লি:/মূসক অব্যাহতি/২০২৩/ তারিখ: /০৪/২০২৩ খ্রি.।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী রিভার সাইড সোয়েটার্স লিমিটেড (মূসক নিবন্ধন নম্বর-০০০৫৩৪৯৪৫-০২০৬), হাসনাবাদ, হাসনাবাদ সুপার মার্কেট, ঢাকা জুট মিলস, কেরানীগঞ্জ, ঢাকা-১৩১১ নামক প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে রপ্তানি কাজে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ৩০/০৩/২০২৩ খ্রি. তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

০২। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সাধারণ আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সরেজমিনে পরিদর্শনপূর্বক সুনির্দিষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-৩৮৪, তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রি. মূলে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

০৩। তদন্ত কমিটি গত ১৬/০৪/২০২৩ খ্রি. তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ১৭/০৪/২০২৩ খ্রি. তারিখে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। **গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নোক্ত মতামত/সুপারিশ প্রদান করা হয়েছে:**

> "রপ্তানী পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস ও বিদ্যুৎ সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি সংক্রান্ত অর্থ মন্ত্রনালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও.নং-১৮৮-আইন/২০১৯/ ৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/১৯ খ্রি. ও জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রি.অনুযায়ী রিভার সাইড সোয়েটার্স লিমিটেড (মূসক নিবন্ধন নম্বর-০০০৫৩৪৯৪৫-০২০৬) এর বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাস সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতির আবেদনটি বিবেচনা পূর্বক বিবেচ্য বিদ্যুৎ মিটার (নং-১৭৭২৯৫১০) ও প্রাকৃতিক গ্যাস মিটার (নং-৭৭১০৮৯৬৮) এর মাসিক বিলের বিপরীতে প্রযোজ্য মূসক অব্যাহতি সংক্রান্ত আদেশ প্রদান করা যেতে পারে"।

০৪। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী রিভার সাইড সোয়েটার্স লিমিটেড (মূসক নিবন্ধন নম্বর-০০০৫৩৪৯৪৫-০২০৬), হাসনাবাদ, হাসনাবাদ সুপার মার্কেট, ঢাকা জুট মিলস, কেরানীগঞ্জ, ঢাকা-১৩১১ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:

**টেবিল-১**

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৭৭১০৮৯৬৮ | ৩-৬৫-০০০০৭৫-০০-৬৩-১ | ১০০% |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ১৭৭২৯৫১০ | ০৩-৭০১-১৯৮০ | ১০০% |

০৫। শর্তসমূহ :

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করিলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ এপ্রিল, ২০২৩ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তীত থাকা পর্যন্ত বলবৎ থাকবে এবং

চ. টেবিলে বর্ণিত গ্যাস ও বিদ্যুৎ মিটার কোন কারণে পরিবর্তীত হলে সাথে সাথে তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

[ শওকত আলী সাদী ]
কমিশনার
ফোন ঃ ০২-৫৮৩১৫৯৬৪
ই-মেইল : cevdhksouth@yahoo.com

নথি নং- ৪(০৬)০৮-মূ:নী:/ রিভার সাইড সোয়েটার্স লি:/মূসক অব্যাহতি/২০২৩/ ৪০৩(৩-৩৭) তারিখ:১৮/০৪/২০২৩ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, লালবাগ বিভাগ। অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-গ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।

৩. দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

৫. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

৬. ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, আঞ্চলিক বিপনন জোন-৫, জিনজিরা, কেরাণীগঞ্জ, ঢাকা-১২১৫।

৭. ডেপুটি জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, হাসনাবাদ জোনাল অফিস, দক্ষিণ কেরাণীগঞ্জ, ঢাকা-১২১৫।

৮. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, হাসনাবাদ সার্কেল। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে অনুচ্ছেদ-০৬ এ বর্ণিত শর্ত-খ অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।

৯. সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে আদেশটি www.cevdsc.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

১০. ব্যবস্থাপনা পরিচালক, রিভার সাইড সোয়েটার্স লিমিটেড (মূসক নিবন্ধন নম্বর-০০০৫৩৪৯৪৫-০২০৬), হাসনাবাদ, হাসনাবাদ সুপার মার্কেট, ঢাকা জুট মিলস, কেরানীগঞ্জ, ঢাকা-১৩১১ (তাঁকে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-ক, ঘ ও চ প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১৮/৪/২০২৩

[ মোঃ রুহুল আমিন ]
যুগ্ম কমিশনার